

# উপজেলা পরিষদ কার্যালয়

রাংগামাটি সদর, রাংগামাটি।

## উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব দুর্গেশ্বর চাকমা, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাংগামাটি সদর, রাংগামাটি।

স্থান : ভাইস চেয়ারম্যান এর কার্যালয়।

তারিখ : ০৬/১২/২০২২খ্রিঃ, সময় : সকাল ১০.০০ টা।

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলার শিক্ষার মানোন্নয়নে সংশ্লিষ্ট সকল সদস্যের সার্বিক সহযোগিতা কামনা করে সভার কার্যক্রম আরম্ভ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সদস্য-সচিব জনাব তৌহিদ তালুকদার কে অনুরোধ করেন।

### (সম্মানিত উপস্থিতি পরিশিষ্ট - খ দ্রষ্টব্য)

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১. পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন	সভার প্রারম্ভে সদস্য-সচিব পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানোর পর উপস্থিত সকল সদস্য বিস্তারিত আলোচনায় অংশনেন এবং পূর্ববর্তী গৃহিত সিদ্ধান্তে কারোর কোন আপত্তি না থাকতে পূর্বের কার্য বিবরণী অনুমোদনের ব্যাপারে মত প্রকাশ করেন।	আলোচনান্তে সর্বসম্মতিতে পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন করেন।	সংশ্লিষ্ট সকল সদস্য
২. প্রকল্প প্রস্তাব প্রেরন সংক্রান্ত।	সভাপতি সভায় জানান যে, জাইকার অর্থায়নে বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে দক্ষতা উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য অর্থ পাওয়া যাবে। তাই মাধ্যমিক শিক্ষা খাতে কি প্রকল্প বাস্তবায়ন করা যায় সে বিষয়ে সকলের মতামত প্রদানের অনুরোধ জানালে সভার সদস্য-সচিব মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি সামগ্রী ও উন্নত মানের সোলার সিস্টেম প্রদানের বিষয়ে প্রস্তাব করেন। তিনি সভায় জানান যে, প্রত্যন্ত এলাকায় অধিকাংশ স্কুলে কম্পিউটার সামগ্রী ও বিদ্যুৎ নেই, ফলে মাধ্যমিক পর্যায়ে মান সম্মত শিক্ষা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না।	বিস্তারিত আলোচনান্তে বন্দুক ভাঙ্গা, মগবান, বালুখালী, কুতুকছড়ি ইউনিয়নের মাধ্যমিক পর্যায়ের যেসব প্রতিষ্ঠানে বিদ্যুৎ নেই, সেসব প্রতিষ্ঠানে কম্পিউটার সামগ্রী ও সোলার সিস্টেম প্রদানের প্রস্তাব সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	ক. সভাপতি খ. সদস্য-সচিব গ. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান

সভায় অন্য কোন আলোচ্যসূচী না থাকায় উপজেলার মাধ্যমিক শিক্ষা ও মাদ্রাসা শিক্ষার সার্বিক কল্যাণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(দুর্গেশ্বর চাকমা)

ভাইস-চেয়ারম্যান

রাংগামাটি সদর উপজেলা পরিষদ

ও

সভাপতি

উপজেলা মাধ্যমিক শিক্ষা ও মাদ্রাসা শিক্ষা স্থায়ী কমিটি।

স্মারক নং-উমাশি অ/রাংগা/সদর/২০২২/১২০১

তারিখঃ ০৬.১২.২০২২খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাংগামাটি সদর, রাংগামাটি পার্বত্য জেলা।

২। উপজেলা নির্বাহী অফিসার, রাংগামাটি সদর, রাংগামাটি পার্বত্য জেলা।

৩। উপজেলা শিক্ষা অফিসার, রাংগামাটি সদর, রাংগামাটি পার্বত্য জেলা।

৪। জনাব.....চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ, সদর, রাংগামাটি পার্বত্য জেলা।

৫। অফিস নথি।

০৬.১২.২০২২

(তৌহিদ তালুকদার)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য-সচিব

উপজেলা মাধ্যমিক শিক্ষা ও মাদ্রাসা শিক্ষা স্থায়ী কমিটি।

